

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, নভেম্বর ৫, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-৮৯৪ ।—০২ নভেম্বর ২০২১ তারিখে ০৪টি ইউনিয়ন
পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে (কপি সংযুক্ত)। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা
অনুযায়ী অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষ্যে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্ধাং
০১ নভেম্বর ২০২১ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০২ নভেম্বর ২০২১ তারিখ মধ্যরাত ১২:০০ টা
পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিয়েধাজ্ঞা আরোপ করতে হবে :

(১) ট্রাক

(২) পিক আপ

০২। সে সাথে ৩১ অক্টোবর ২০২১ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৩ নভেম্বর
২০২১ তারিখ সকাল ৬:০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিয়েধাজ্ঞা আরোপ করতে হবে।

০৩। এ নিয়েধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রাথী/তাঁদের নির্বাচনী
এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া,
নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে)
নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের
বৈধ পরিদর্শক এবং কতিপয় জরংরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক,

(১৫৯৪৩)

মূল্য : টাকা ৮.০০

টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পথে সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর বর্ণিত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক' কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।

০৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৬। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বঙ্গল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জসিম উদ্দিন
সহকারী সচিব।